গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০২৩ পালনের কর্মসূচি নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব কে এম খালিদ, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
স্থান : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ
তারিখ : ০৫/০৭/২০২৩
সময় : সকাল-১১.০০ টা।
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন। অত:পর সভাপতি কার্যপত্র মোতাবেক বিভিন্ন কর্মসূচীর বিষয়ে আলোচনার জন্য এ মন্ত্রণালয়ের সম্মানিত সচিবকে অনুরোধ করেন। সচিব মহোদয়ের নির্দেশনা অনুযায়ী জনাব মো: আতাউর রহমান, যুগ্মসচিব (অনুষ্ঠান) কার্যপত্র মোতাবেক বিভিন্ন কর্মসূচী পালনের বিষয় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত কর্মসূচীসমূহ পালনের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | কর্মসূচী/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। ছেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার না করা ও মানসম্মত কাপড়ে যথানিয়মে জাতীয় পতাকা প্রস্তুত এবং পতাকা বিধি অনুসরণপূর্বক পতাকা অর্ধনমিত রাখা। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ২. | ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার জাতীয় শোক দিবসে সকাল ০৯.৩০ টায় বনানী কবরস্থানে শহীদদের কবরে পুষ্পস্তবক অর্পন করা এবং সকাল ১০.৩০ টায় ধানমন্ডিস্থ জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করা।<br>(সাদা রং এবং কালো রং এর ফুলের সমন্বয়ে পুষ্পস্তবক তৈরি করতে হবে)। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রশাসন শাখা-১ ও আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ৩. | ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার জাতীয় শোক দিবসে মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থা, প্রধান কার্যালয় ও আঞ্চলিক/জেলা/উপজেলা কার্যালয়সমূহে মুজিব শতবর্ষের ব্যানারের ডিজাইনের আলোকে অভিন্ন ডিজাইনের ড্রপডাউন ব্যানার স্থাপন করা। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রশাসন শাখা-১ ও আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ৪. | ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার শহিদদের আত্মার মাগফিরাত কামনা করে বেলা ১২.০০টায় বাংলাদেশ জাতীয় জাদুঘরে কুরআন খানি ও দোয়া মাহফিল আয়োজন করা। সকল দপ্তর/সংস্থায় বিকাল ০৩.০০টায় দোয়া মাহফিল আয়োজন করা। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা |

| | | |
|---|---|---|
| ৫. | ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আগস্ট মাসব্যাপি (ম্যাগনেটিক বাটনসহ) কালো ব্যাজ ধারণ করা। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ৬. | এ মন্ত্রণালয়ের আওতাধীন কোন দপ্তর/সংস্থায় যদি বঙ্গবন্ধুর প্রতিকৃতি না থাকে তবে বাংলাদেশ শিল্পকলা একাডেমি হতে বঙ্গবন্ধুর প্রতিকৃতি সংগ্রহ করা এবং সকল দপ্তর/সংস্থায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করা। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ৭. | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের জীবনীর উপর ভিত্তিকরে তৈরিকৃত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সদয় অনুমোদিত ডকুমেন্টারিটি প্রদর্শনীর বিষয়ে করণীয় নির্ধারণের জন্য নিম্নলিখিতভাবে একটি কমিটি গঠন করা:<br>১) নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট - আহ্বায়ক<br>২) মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর - সদস্য<br>৩) সচিব, বাংলাদেশ শিল্পকলা একাডেমি - সদস্য<br>৪) পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র - সদস্য<br>৫) উপসচিব (সংসদ ও আইন) - সদস্য সচিব | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ৮. | ক) বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রধান লবিতে রাখা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা;<br>খ) সোহরাওয়ার্দী উদ্যানে স্থাপিত স্বাধীনতা স্তম্ভ ও মুক্তিযুদ্ধ জাদুঘরের আশ-পাশের এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং স্বাধীনতা স্তম্ভ ও মুক্তিযুদ্ধ জাদুঘর শিক্ষার্থী ও দর্শনার্থীদের জন্য বিনামূল্যে পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করা;<br>গ) ১৫ আগস্ট উপলক্ষ্যে বঙ্গবন্ধুকে নিয়ে বিশেষ সেমিনারের আয়োজন করা (প্রতিমন্ত্রী মহোদয়ের সময় অনুযায়ী তারিখ নির্ধারণ হবে) এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে আপলোড করে দর্শকদের জন্য উপস্থাপন করা;<br>ঘ) স্বাস্থ্যবিধি মেনে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের নিয়ে ২ পর্বের রচনা প্রতিযোগিতার আয়োজন করা;<br>ঙ) বঙ্গবন্ধুর উপর অনুষ্ঠিত বিশেষ প্রদর্শনীর প্রামাণ্যচিত্র জাদুঘরের ওয়েবসাইটে ও ফেসবুকে আপলোড করে দর্শকদের জন্য উপস্থাপন করা; এবং<br>চ) জাদুঘরের সংগ্রহে থাকা বঙ্গবন্ধুর স্মৃতি নিদর্শন নিয়ে ছোট ছোট প্রামাণ্য চিত্র তৈরি করে সেগুলো জাদুঘরের ওয়েবসাইটে ও ফেসবুকে আপলোড করে দর্শকদের জন্য উপস্থাপন করা। | বাংলাদেশ জাতীয় জাদুঘর |
| ৯. | ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার প্রধান কার্যালয় এবং জেলা/উপজেলা কার্যালয়/দাপ্তরিক ভবনে রক্ষিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা;<br>খ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর (ভার্চুয়াল গ্যালারির মাধ্যমে) আলোকচিত্র ও চারুকলা প্রদর্শনীর আয়োজন করা;<br>গ) জাতির পিতার স্মরণে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা;<br>ঘ) শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন করা;<br>ঙ) বঙ্গবন্ধুর উপর রচিত গ্রন্থসমূহের পাঠ পর্যালোচনা অনুষ্ঠান আয়োজন করা;<br>চ) বঙ্গবন্ধু স্মারক বক্তৃতামালা আয়োজন করা;<br>ছ) জেলা ও উপজেলা শিল্পকলা একাডেমিতে বাংলাদেশ শিল্পকলা একাডেমির সাথে সমন্বয় রেখে কর্মসূচি বাস্তবায়ন করা;<br>জ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা ও দোয়া | বাংলাদেশ শিল্পকলা একাডেমি |

| | | |
|---|---|---|
| | মাহফিল আয়োজন করা;<br>ঝ) অনলাইন ভিত্তিক ৭ মার্চের ভাষণ প্রতিযোগিতা আয়োজন করা; এবং<br>ঞ) গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি সৌধে চিত্রশিল্পীদল নিয়ে আর্ট ক্যাম্পের আয়োজন করা। | |
| ১০. | ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার প্রধান কার্যালয় এবং সকল বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারের দাপ্তরিক ভবনে রক্ষিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা;<br>খ) রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন করা;<br>গ) দেশের বিভিন্ন স্থানের লাইব্রেরি পাঠকদের অংশগ্রহণের মাধ্যমে অনলাইনে বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান করা; এবং<br>ঘ) ১৬-১৮ আগস্ট ২০২৩ তারিখ তিন দিনব্যাপী বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক প্রকাশিত পুস্তক প্রদর্শনী করা। | গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ১১. | ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার জাতীয় শোক দিবস উপলক্ষ্যে কবি ভবনে প্রবেশ পথের মূল রাস্তায় বিলবোর্ড স্থাপন করা;<br>খ) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার জাতীয় শোক দিবস উপলক্ষ্যে কবি নজরুল ইনস্টিটিউটে আলোচনা সভা ও দোয়া মাহফিল এর আয়োজন করা;<br>গ) জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ঢাকা, কুমিল্লা ও ত্রিশালের দাপ্তরিক কার্যালয়ে এবং নজরুল স্মৃতিবিজড়িত চুয়াডাঙ্গার কার্পাসডাঙ্গা ও মানিকগঞ্জের তেওতায় ব্যানার স্থাপন করা;<br>ঘ) অনলাইনে 'বঙ্গবন্ধু' শীর্ষক আলোকচিত্র প্রদর্শনী ও ইন্সটিটিউট গ্রন্থাগারে বঙ্গবন্ধুকর্ণার এর ভার্চুয়াল প্রদর্শনী করা; এবং<br>ঙ) ৩টি শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা অনুষ্ঠান আয়োজন করা এবং হামদ ও নাত পরিবেশন করা। | কবি নজরুল ইনস্টিটিউট |
| ১২. | ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার জাতীয় শোক দিবস উপলক্ষ্যে সেমিনার আয়োজন করা;<br>খ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর রচিত এবং বাংলা একাডেমি থেকে প্রকাশিত গ্রন্থসমূহের প্রদর্শনীর আয়োজন করা;<br>গ) বাংলা একাডেমি থেকে বিভিন্ন পুরস্কারপ্রাপ্ত সুধীদের নিয়ে আলোচনা সভার আয়োজন করা; এবং<br>ঘ) বিকাল ৫.০০ টায় কবিতা আবৃত্তি এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা। | বাংলা একাডেমি |
| ১৩. | ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন প্রাঙ্গণে জাতির পিতার ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণ করা;<br>খ) বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ সম্প্রচার করা;<br>গ) অনলাইনে বঙ্গবন্ধু ও বাংলাদেশ বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজন করা; এবং<br>ঘ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের শহিদদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া মাহফিল আয়োজন করা। | বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন |
| ১৪. | ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়ে দাপ্তরিক ভবনে রক্ষিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা;<br>খ) অস্বচ্ছলদের মধ্যে খাদ্যসামগ্রী বিতরণ করা;<br>গ) প্রধান কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়সমূহের অংশগ্রহণে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ১৫ আগস্ট ২০২৩ 'বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী' এর উপর পাঠচক্র;<br>ঘ) আগস্ট মাসের শেষার্ধে বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনীর উপরে সেমিনার | প্রত্নতত্ত্ব অধিদপ্তর |

| | | |
|---|---|---|
| | আয়োজন করা। সেমিনারের বিষয় 'অসমাপ্ত আত্মজীবনী : বাঙ্গালীর অনুভূতির প্রকাশ';<br>ঙ) জাতীয় শোক দিবস সংশ্লিষ্ট কার্যক্রমের ডিজিটাল প্রচারণা; এবং<br>চ) আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ জেলা ও উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে কর্মসূচি গ্রহণ করা। | |
| ১৫. | ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার দাপ্তরিক ভবনে রক্ষিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা;<br>খ) মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে বঙ্গবন্ধুর জীবন ও কর্ম সম্পর্কিত নিম্নলিখিত ৩টি গ্রন্থের প্রবন্ধ আহ্বান:<br>১। মাধ্যমিক পর্যায়ে ২০০০ শব্দ-(গ্রন্থ: অসমাপ্ত আত্মজীবনী)<br>২।উচ্চমাধ্যমিক পর্যায়ে ২৫০০ শব্দ-(গ্রন্থ: কারাগারের রোজনামচা)<br>৩। বিশ্ববিদ্যালয় পর্যায়ে ৩০০০ শব্দ-(গ্রন্থ: আমার দেখা নয়াচীন)<br>গ) ১৫ আগস্ট ২০২৩ তারিখে অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয়ে বঙ্গবন্ধুর জীবন ও কর্মসম্পর্কিত ভার্চুয়্যাল/স্বাস্থ্যবিধি মেনে সীমিত পরিসরে অধিদপ্তরের সম্মেলন কক্ষে আলোচনা সভা আয়োজন করা; এবং<br>ঘ) ১৫ আগস্ট থেকে ৩০ আগস্ট ২০২৩ তারিখ পর্যন্ত বঙ্গবন্ধুর জীবন ও কর্ম সম্পর্কিত বিভিন্ন ফটোগ্রাফী সমন্বয়ে অধিদপ্তরের ওয়েবসাইটে ডিজিটাল প্রদর্শনীর আয়োজন করা। | আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর |
| ১৬. | ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার দপ্তরে রক্ষিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা;<br>খ) জাতির পিতা, জাতির পিতার পরিবারের শহিদ সদস্যগণ এবং অন্যান্য শহিদদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া মাহফিল আয়োজন করা;<br>গ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মহান স্মৃতি উপলক্ষ্যে গীতিকার/ সুরকার ও বিশিষ্ট ব্যক্তিবর্গকে নিয়ে আলোচনা অনুষ্ঠান আয়োজন করা; এবং<br>ঘ) মুক্তিযুদ্ধ বিষয়ক চলচ্চিত্র প্রদর্শন করা। | কপিরাইট অফিস |
| ১৭. | ক) জাতীয় গ্রন্থকেন্দ্রের মাধ্যমে যে সকল বেসরকারি পাঠাগার-কে অনুদান প্রদান করা হয় সে সকল পাঠাগারকে অনলাইনে যুক্ত রেখে আগস্ট মাসের মধ্যে জাতীয় শোক দিবসের আলোচনা সভার আয়োজন করা। প্রতিটি বেসরকারি পাঠাগার জাতীয় শোক দিবস উপলক্ষ্যে একটি ব্যানার স্থাপন করা;<br>খ) বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক গ্রন্থ প্রদর্শনী/পাঠ প্রতিযোগিতা/ আলোচনা সভার আয়োজন করা; এবং<br>গ) ময়মনসিংহের মুক্তাগাছাস্থ যে কোন একটি বালিকা বিদ্যালয়/কলেজে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা। | জাতীয় গ্রন্থকেন্দ্র |
| ১৮. | ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার নিজ দপ্তরে রক্ষিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের ব্যবস্থা গ্রহণ করা;<br>খ) সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা; এবং<br>গ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট/একাডেমি/ সাংস্কৃতিক কেন্দ্র সংশ্লিষ্ট জেলা/উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে অনুষ্ঠানের আয়োজন করা। শিশু-কিশোরদের জন্য বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা। | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি<br>ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান<br>ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি, বিরিশিরি<br>কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার<br>ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনষ্টিটিউট, খাগড়াছড়ি |

| | | |
|---|---|---|
| | | রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী<br>মনিপুরী ললিতকলা একাডেমি, মৌলভীবাজার |
| | বঙ্গবন্ধুর উপর রচিত কবিতা প্রতিযোগিতার আয়োজন করা। | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনষ্টিটিউট, খাগড়াছড়ি |
| | শোকের পংক্তিমালা শীর্ষক অনুষ্ঠান আয়োজন করা (নিজস্ব ভাষায়)। | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি, বিরিশিরি |
| | শোক সপ্তাহ পালন করা। | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি |
| | বক্তৃতা আয়োজন, রচনা প্রতিযোগিতা, কবিতা আবৃতি, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনলাইনে আয়োজন করা। | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান |
| ১৯. | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে মনিটরিং কমিটি গঠন করা:<br>১) অতিরিক্ত সচিব (প্রশাসন) - আহ্বায়ক<br>২) যুগ্মসচিব (অনুষ্ঠান) - সদস্য<br>৩) উপসচিব (প্রশাসন-২) - সদস্য<br>৪) উপসচিব (প্রশাসন-১) - সদস্য<br>৫) উপসচিব (অনুষ্ঠান) - সদস্য সচিব | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ২০. | দপ্তর/সংস্থা কর্তৃক আয়োজিত সকল অনুষ্ঠানের নিরাপত্তা বিধানের জন্য স্ব-স্ব কর্মসূচি জানিয়ে দপ্তর/সংস্থা প্রধানগণ সংশ্লিষ্ট পুলিশ কমিশনার/পুলিশ সুপার এবং থানাকে পত্র প্রদান করে এ মন্ত্রণালয়কে অবহিত করবেন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ২১. | জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করা এবং অধীনস্ত সংস্থা ও দপ্তরে উক্ত কর্মসূচি পালন নিশ্চিত করার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী জুলাই ২০২৩ মাসে একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট ২০২৩ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করা। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

১১.৭.২৩

কে এম খালিদ, এমপি
মাননীয় প্রতিমন্ত্রী
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

স্মারক: ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৯৪.২৩. ৪৭৭ তারিখ: ২৭ আষাঢ় ১৪৩০ / ১১ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল)/যুগ্মসচিব(সকল)/উপসচিব(সকল)/সিনিয়র সহকারী সচিব (সকল)/সহকারী সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

২. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা;

৩. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা;
৪. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, শেরে-বাংলা নগর, ঢাকা;
৫. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা;
৬. রেজিস্ট্রার, কপিরাইট অফিস, শেরে-বাংলা নগর, ঢাকা;
৭. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা;
৮. মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা;
৯. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট, বর্ধমান হাউজ, বাংলা একাডেমি, ঢাকা;
১০. নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা;
১১. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা;
১২. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনাগাঁও, নারায়ণগঞ্জ;
১৩. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা;
১৪. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান;
১৫. পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার;
১৬. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি;
১৭. উপ-পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি;
১৮. উপ-পরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী; এবং
১৯. উপ-পরিচালক, মনিপুরী ললিতকলা একাডেমি, কমলগঞ্জ, মৌলভীবাজার।

<u>সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
২. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ); এবং
৪. অফিস কপি।

২২/০৭/২০২৫

মো: আসাদুজ্জামান
উপসচিব
ফোন: ৫৫১০১১৬৫
ইমেইল: event.section@moca.gov.bd